

# এইচ আই ভি/এইডস




উপ সাহারা অঞ্চলে এইডস হচ্ছে সবচেয়ে বেশী মৃত্যুর কারণ, এবং এটি সারা বিশ্বে সবচেয়ে বেশী মৃত্যুর চারটি কারণের একটি

## লক্ষ্য ৬

এইচ আই ভি/এইডস ম্যালেরিয়া ও অন্যান্য রোগের মোকাবেলা

## প্রধান মনযোগ: লক্ষ্যমাত্রা ৭

২০১৫ সালের মধ্যে এইচ আই ভি/এইডস এর বিস্তার রোধ এবং রোগীর সংখ্যা কমিয়ে আনা



এইচ আই ভি/এইডস রোগের জন্য পর্যাপ্ত গণসচেতনতা, শিক্ষা, রোগনির্ধারন এবং চিকিৎসা – অনেক অঞ্চলেই এসব বিষয়ে পিছিয়ে আছে। গবেষণায় দেখা গেছে যে, উপ-সাহারা এলাকায় কিশোর-কিশোরীদের অর্ধেকই বুঝতে পারে না যে একজন আপাত: সুস্থ মানুষও এইডসবাহী হতে পারে। এশিয়া, লাতিন ও ক্যারিবিয় অঞ্চলে বিভিন্ন সমীক্ষা থেকে একই ধরনের ফলাফল পাওয়া গেছে।

পিতামাতা এইডস-এ মারা যাওয়ায় ২০০১ সালের মধ্যে উন্নয়নশীল দেশে ১ কোটি ৪০ লক্ষ শিশু এতিম হয়েছে। এ ধরনের এইডস-জনিত এতিম শিশুর সংখ্যা ২০১০-এর মধ্যেই দ্বিগুণ হবে।

স্বল্পমূল্যে কনডম এবং প্রয়োজনীয় ঔষধপত্রাদি সরবরাহ এবং এইডস সম্পর্কিত তথ্য প্রচার ও শিক্ষাপ্রসারে নাটকীয় কোন অগ্রগতি সাধিত না হলে, এই মহামারীর রোধ হবে না।